

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৫৭২.২০১৭- ২০৪

তারিখঃ ০৩ মাঘ ১৪২৪
১৬ জানুয়ারি ২০১৮

বিষয় : রীট পিটিশন নং-১৮৬১৭/২০১৭, [পিটিশনার জনাব মোঃ দেলোয়ার হোসেন, পিতা- মোঃ লিফাজ উদ্দিন, গ্রাম- মৌকারান
ধানা- ও জেলা-পটুয়াখালী - বনাম - সরকার ও অন্যান্য] এর অনুচ্ছেদওয়ারী ঘটনা বিবরণী প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিষ্টার কর্তৃক ২৮.১২.২০১৭ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ২০.১২.২০১৭ তারিখের
আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী সদর উপজেলার লাউকাঠী ইউনিয়ন পূর্ণগঠন সম্পর্কিত
০১/০৮/২০১২ খ্রিঃ তারিখের ৪৪৭ নং প্রজ্ঞাপনকে চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ ৩ জনকে প্রতিপক্ষ করে
এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তেঃ তর্কিত প্রজ্ঞাপনটি কেন বেআইনী ঘোষণা করা হবে না সে মর্মে
প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালত তর্কিত প্রজ্ঞাপনটি আদেশের তারিখ থেকে পরবর্তী ৩(তিন)
মাসের জন্য স্থগিত করেছেন। বিজ্ঞ আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা
আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজিতে অনুচ্ছেদওয়ারী জবাব এবং ঘটনার প্রকৃত বিবরণী (Statement of
Defense) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে
প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক
আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।

(মুহাম্মদ আনোয়ার পাশা)

উপসচিব (আইন-১)

ফোনঃ+৮৮০২-৯৫৪০৯৯৫

e-Mail: dslaw1.lgd.gov@gmail.com

জেলা প্রশাসক
পটুয়াখালী।

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি :

১. যুগ্মসচিব (ইউনিয়ন পরিষদ), স্থানীয় সরকার বিভাগ।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অফিস কপি/ মাস্টার কপি।